

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২ ১৯(আগরতলা, ১৮। ১। ১)
কমলপুর, ১৮ নভেম্বর, ২০২০

কমলপুরে দু'দিনব্যাপী মহারাসলীলা উৎসব ২৯-৩০ নভেম্বর

কমলপুর মহকুমার বড়লুত্তমার অয়োমন্ডপে আগামী ২৯-৩০ নভেম্বর অনুষ্ঠিত হবে ১২৪ তম মহারাসলীলা উৎসব। এই উৎসবের উদ্বোধন করবেন খাদ্য ও জনসংতরণ দপ্তরের মন্ত্রী মনোজ কাণ্ঠি দেব। এই উপলক্ষ্যে সম্প্রতি ধলাই জেলা প্রশাসন ও বিষ্ণুপ্রিয়া মহারাস উৎসব এবং মেলা উন্নয়ন ট্রাস্টের উদ্যোগে এক প্রস্তুতিসভা অনুষ্ঠিত হয় ধলাই জেলাশাসকের কনফারেন্স হলে। সভায় সিদ্ধান্ত হয় কোভিড-১৯ পরিস্থিতিতে ভিড় এড়ানোর লক্ষ্যে এবছড় মুক্তমঞ্চে সাংস্কৃতিক অনুষ্ঠান ও মেলার আয়োজন হবে না। কোন প্রকার আনন্দমেলার অনুমতি দেওয়া হবে না। উৎসব উপলক্ষ্যে ২৯ নভেম্বর রাত্তিদান শিবির অনুষ্ঠিত হবে এবং ৩০ নভেম্বর অয়োমন্ডপে ঐতিহ্যবাহী রাখাল নৃত্য ও মহারাসলীলা অনুষ্ঠিত হবে।
